দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 21 DEC 2006
পৃষ্ঠা ১৭ কলাম ২

# শিক্ষকরা বেতন পান না, তাই ক্লাস নেন না এক বছর ধরে

## বরিশাল কারিগরি স্কুল ও কলেজ


।। বরিশাল অফিস ।।

বরিশাল কারিগরি স্কুল এণ্ড কলেজের শিক্ষকরা বেতন না পাওয়ার কারণ দেখিয়ে স্কুলে ক্লাস নিচ্ছেন না প্রায় এক বছর ধরে। শিক্ষার্থীদের ভবিষ্যৎ হয়ে পড়েছে অনিশ্চিত। দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলার লক্ষ্যে ১৯৯৬ সালে ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট (ভিটিআই) প্রকল্পের অধীন কাজ শুরু করে। প্রকল্পের মেয়াদ ২০০৪ সালের জুনে শেষ হয়। প্রকল্পের অধীনে ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউটকে কারিগরি স্কুল এণ্ড কলেজে রূপান্তর করা হয়।

এ প্রতিষ্ঠানগুলোর মূল লক্ষ্য হচ্ছে শিক্ষার্থীদের সাধারণ পাঠ্য বইয়ের পাশাপাশি ট্রেডভিত্তিক শিক্ষাদান। প্রকল্পের অধীনে নিয়োগকৃত শিক্ষকদের মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে তাদেরকে রাজস্বখাতে স্থানান্তরের অঙ্গীকার করা হয়। প্রকল্প শেষ হবার এক বছর অতিবাহিত হলেও ঐ শিক্ষকদের রাজস্বখাতে স্থানান্তর করা হয়নি। বরং এ বছরের জানুয়ারী থেকে তাদের বেতনভাতা বন্ধ করে দেয়া হয়েছিল। ফলে ঐ সকল শিক্ষকরা ক্লাস নেয়া তো দূরের কথা অনেকে কলেজমুখী হতেন না বলে শিক্ষার্থীরা জানায়।

সম্প্রতি শিক্ষকদের ছ'মাসের বেতন ভাতা দেয়া হলেও তারা ক্লাস নিচ্ছেন না। শিক্ষার্থী রয়েছে প্রায় ১২শ' এখানকার এক একজন শিক্ষক মাসে ১৫০০০।১৮০০০ টাকা বেতন পেয়ে থাকেন। তাদের ছ' মাসের বেতন সরকার পরিশোধ

(১৬শ পৃ: ১-এর ক: দ্র:)



বরিশাল । কারিগরি স্কুল ও কলেজ -ইত্তেফাক

### শিক্ষকরা বেতন

(১৭শ পৃঃ পর)

করার পরও তারা ক্লাসে যাচ্ছেন না। শিক্ষার্থীরা আরো অভিযোগ করেন তাদের বেশীর ভাগ ক্লাসে প্রাকটিক্যাল রয়েছে। বছর শেষ হলেও তাদের সিলেবাস শেষ হয়নি। এমনকি তাদের বোর্ডের পরীক্ষার ফরম ফিলাপও হয়ে গেছে। এ ব্যাপারে শিক্ষকরা জানান, তাদের এখনো ৫ মাসের বেতন বাকী। এ বেতন পেতেও তাদের আবার এক বছর অপেক্ষা করতে হবে। শিক্ষার্থীদের অভিযোগের ব্যাপারে অধ্যক্ষ জানান, ১৫ ডিসেম্বর থেকে তাদের শীতকালীন বন্ধ ছিল। বর্তমানে নবম শ্রেণীর পরীক্ষা চলছে। ছুটির পর ক্লাস শুরু হবে বলে তিনি জানান। শিক্ষকরা জানান, তারা প্রকল্পের অধীনে থাকার সময় কলেজে ক্লাস নিয়েছেন। সরকার তাদের বেতন বন্ধ করে দেয়ায় তারা পরিবার-পরিজন নিয়ে বিপাকে ছিলেন। তারা বলেন, সরকার তাদের রাজস্বখাতে স্থানান্তরের অঙ্গীকার করেও কি কারণে রাজস্বখাতে নিচ্ছে না তা তাদের বোধগম্য নয়।

একটি সূত্র জানায়, শিক্ষকদের রাজস্বখাতে স্থানান্তরের জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হলে অর্থ মন্ত্রণালয় শিক্ষক নিয়োগের জন্য অভিজ্ঞতাসহ বিভিন্ন শর্ত